দামুড়হুদায় পার্কিং থেকে ট্রাক চুরি

দামুড়হুদা উপজেলার দামুড়হুদা বাসস্ট্যান্ডের অদূরে ফ্লাওয়ারস মিলের সামনে থেকে পার্কিংরত অবস্থায় একটি খালি ট্রাক চুরি হয়ে গেছে। গতকাল শনিবার (২৩ শে নভেম্বর ) রাত ১২ টা থেকে সকাল ৭ টার মধ্যে যে কোন সময় ট্রাকটি চুরি হয়ে যায়।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলায় অবস্থিত হাসান পোল্ট্রি ফার্মের ট্রাকটি মাল আনলোড শেষে দামুড়হুদা বাসস্ট্যান্ডের অদূরে ফ্লাওয়ারস মিলের সামনে কদম গাছের পাশে গতকাল শনিবার দিবাগত রাত ১২ টার দিকে পার্কিং করে রাখা হয়। ট্রাকটির নাম্বার হলো ঢাকা মেট্রো- ট-১৩-৪৭৬৭।

ট্রাকটির মালিক হাসান পোল্ট্রি ফার্মের কর্ণধার আবুল হাসান বলেন, ট্রাকটি মাল আনলোড শেষে দামুড়হুদা বাসস্ট্যান্ডের অদূরে ফ্লাওয়ারস মিলের সামনে কদম গাছের পাশে গতকাল শনিবার দিবাগত রাত ১২ টার দিকে পার্কিং করে রাখা হয় এসময় রাত ১২ টা থেকে সকাল ৭ টার মধ্যে যে কোন সময় ট্রাকটি চুরি হয়ে গেছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে ট্রাকটি উদ্ধারের চেষ্টা চলছে।